

Sura 2, The Heifer (Al-Baqarah)

সুরা ২, বকনা বাছুর (আল্-বাক্বারাহ্)

Disregarding God's Scripture *ঐশ্বরিক ধর্মগ্রন্থের প্রতি অবহেলা*

[2:101] Now that a messenger from GOD has come to them,* and even though he proves and confirms their own scripture, some followers of the scripture (Jews, Christians, and Muslims) disregard GOD's scripture behind their backs, as if they never had any scripture.

[২:১০১] এখন যখন আল্লাহর পক্ষ থেকে তাদের কাছে এক রাসুল আসলো,* আর এমনকি সে যখন তাদের আপন ধর্মগ্রন্থগুলিকে সুদৃঢ় ও প্রতিপন্ন করে, এরপরেও গ্রন্থপ্রাপ্তদের (ইহুদী, খৃষ্টান, মুসলমান) কিছু অনুসারীরা আল্লাহর ধর্মগ্রন্থকে অগ্রাহ্য করে তাদের পিছনে ফেলে দেয়, যেন তাদের কাছে কখনও কোনো ধর্মগ্রন্থ ছিলই না।

**2:101 God's Messenger of the Covenant is prophesied in the Old Testament (Malachi 3:1-3), the New Testament (Luke 17:22-37), and this Final Testament (3:81).*

**২:১০১ আল্লাহর প্রতিশ্রুত রাসুলের ভবিষ্যৎদ্বাণী ওল্ড টেস্টামেন্টে (মালাখী ভাববাদীর পুস্তক ৩:১-৩), নিউ টেস্টামেন্টে (লুকলিখিত সুসমাচার ১৭:২২-৩৭), এবং ফাইনাল টেস্টামেন্টে (৩:৮১) করা আছে।*

Witchcraft Condemned *যাদুবিদ্যা নিন্দিত*

[2:102] They pursued what the devils taught concerning Solomon's kingdom. Solomon, however, was not a disbeliever, but the devils were disbelievers. They taught the people sorcery, and that which was sent down through the two angels of Babel, Haroot and Maroot. These two did not divulge such knowledge without pointing out: "This is a test. You shall not abuse such knowledge." But the people used it in such evil schemes as the breaking up of marriages. They can never harm anyone against the will of GOD. They thus learn what hurts them, not what benefits them, and they know full well that whoever practices witchcraft will have no share in the Hereafter. Miserable indeed is what they sell their souls for, if they only knew.

[২:১০২] তারা সেটার পেছনে পড়লো যা শয়তানগুলো সুলেয়মানের রাজত্ব সম্পর্কে শিখিয়েছে। যাই হোক, সুলেয়মান অবিশ্বাসী ছিল না, কিন্তু শয়তানগুলোই ছিল অবিশ্বাসী। তারা লোকদের মায়াবিদ্যা (যাদুটোনা) শিখিয়েছিল, আর যা বাবেল শহরে দুই ফেরেস্টা হারুত ও মারুতের মাধ্যমে অবতীর্ণ হয়েছিল। এরা দুজন এমন কোনো জ্ঞান প্রকাশ করে নাই স্পষ্টভাবে নির্দেশ না করে যে: "এটি এক পরীক্ষা। তোমরা এমন জ্ঞানের অপব্যবহার করবে না।" কিন্তু মানুষ একে এমন অনিষ্টকর ষড়যন্ত্রে ব্যবহার করল যেন এর দ্বারা বিবাহ-বিচ্ছেদ ঘটে। অবশ্য, তারা কখনও আল্লাহর ইচ্ছার বিরুদ্ধে কারো কোন ক্ষতি করতে পারে না। আর এভাবে তারা সেটাই শিখে যা তাদের ক্ষতি করে, তা না যা তাদের উপকারে আসে, আর তারা খুব ভাল করেই জানে যে, যেকেউ মায়াবিদ্যা চর্চা করে তার জন্য পরকালে কোন অংশ থাকবে না। তা সত্যিই বড় শোচনীয় যার জন্য তারা তাদের আত্মা বিক্রি করে, শুধু যদি তারা জানতো।

[2:103] If they believe and lead a righteous life, the reward from GOD is far better, if they only knew.

[২:১০৩] যদি তারা বিশ্বাস স্থাপন করে এবং সৎপন্থায় জীবন যাপন করে, তবে আল্লাহর পক্ষ থেকে পুরস্কার হচ্ছে অধিক উত্তম, শুধু যদি তারা জানতো।

Twisting the Words of Supplication **প্রার্থনার শব্দগুলোকে বিকৃত করা**

[2:104] O you who believe, do not say, "Raa'ena"* (be our shepherd). Instead, you should say, "Unzurna" (watch over us), and listen. The disbelievers have incurred a painful retribution.

[২:১০৪] হে তোমরা যারা বিশ্বাস স্থাপন করেছ, 'রায়ীনা'* (আমাদের রাখাল হও) বল না। বরং তোমাদের উচিত হবে, 'উনজুরনা' (আমাদের প্রতি লক্ষ রাখেন) বলা, এবং মনোযোগ দিয়ে শুনো। অবিশ্বাসীরা এক যন্ত্রনাদায়ক উচিত শাস্তি নিজেদের উপর টেনে এনেছে।

**2:104 The word "Raa'ena" was abused by some Hebrew-speaking people, and twisted to sound like a dirty word (see also 4:46).*

**২:১০৪ হিব্রুভাষীদের কেউ কেউ 'রায়ীনা' শব্দটিকে খুব খারাপভাবে ব্যবহার করেছিল, আর একে এমনভাবে বিকৃত করেছিল যাতে তা এক নোংরা শব্দের মত শুনতে মনে হয় (আরো দেখুন ৪:৪৬)।*

Jealousy Condemned **ইর্ষ্যা নিন্দিত**

[2:105] Neither the disbelievers among the followers of the scripture, nor the idol worshipers, wish to see any blessings come down to you from your Lord. However, GOD showers His blessings upon whomever He chooses. GOD possesses infinite grace.

[২:১০৫] না গ্রন্থপ্রাপ্তদের মধ্যে যারা অবিশ্বাসী, আর না বহুখোদাবাদীরা দেখতে চাইবে যে তোমাদের প্রতি তোমাদের পালনকর্তার পক্ষ থেকে কোন প্রকারের কল্যাণ আসুক। যাই হোক, আল্লাহ্ যাকে খুশী তার উপর তাঁর পরম অনুগ্রহ বর্ষণ। আল্লাহ্ অপার উদারতার অধিকারী।

The Ultimate Miracle: The Quran's Mathematical Code* **চূড়ান্ত অলৌকিক ঘটনাঃ কোর'আনের গাণিতিক সংকেতলিপি**

[2:106] When we abrogate any miracle, or cause it to be forgotten, we produce a better miracle, or at least an equal one. Do you not recognize the fact that GOD is Omnipotent?

[২:১০৬] আমরা যখন কোন অলৌকিক ঘটনাকে রহিত করি, অথবা তাকে বিস্মৃত হতে দেই, সে জায়গায় আমরা তার চেয়েও উত্তম কোনো অলৌকিক ঘটনা, বা অন্তত তারই সমান একটাকে প্রস্তুত করে আনি। তোমরা কি এই বাস্তব সত্যকে উপলব্ধি কর না যে আল্লাহ্ হচ্ছেন সর্বশক্তিমান?

**2:106 The Quran's mathematical miracle is perpetual & greater than previous miracles (34:45, 74:35). Like the Quran itself, it confirms, consummates, and supersedes all previous miracles.*

**২:১০৬ কোর'আনের গাণিতিক অলৌকিক ঘটনাটি চিরস্থায়ী এবং পূর্ববর্তী অলৌকিক ঘটনাবলীর চেয়েও বিরাট (৩৪:৪৫, ৭৪:৩৫)। স্বয়ং কোর'আনের মত, এটিও সমস্ত পূর্ববর্তী অলৌকিক ঘটনাবলীকে দৃঢ়ভাবে প্রতিপন্ন করে, পূর্ণাঙ্গ করে, এবং তাদের স্থলাভিষিক্ত করে।*

[2:107] Do you not recognize the fact that GOD possesses the kingship of the heavens and the earth; that you have none besides GOD as your Lord and Master?

[২:১০৭] তোমরা কি এই বাস্তব সত্যকে উপলব্ধি কর না যে আল্লাহ্র অধীনে আছে মহাকাশমণ্ডল ও পৃথিবীর রাজত্ব; আর আল্লাহ্ ছাড়া তোমাদের অন্য কোন প্রভু ও নিয়ন্ত্রণকারীরূপে যে কেউ নেই?

[2:108] Do you wish to demand of your messenger what was demanded of Moses in the past? Anyone who chooses disbelief, instead of belief, has truly strayed off the right path.

[২:১০৮] তোমাদের রাসুলের কাছে কি তোমরা এমন কোন দাবী করতে চাও যেমনটি পূর্বে মূসাকে করা হয়েছিল? যে কেউ অবিশ্বাসকে বিশ্বাসের বদলে বেছে নেয়, সে সত্যিই সঠিক পথ থেকে বিচ্যুত হয়ে গেল।

[2:109] Many followers of the scripture would rather see you revert to disbelief, now that you have believed. This is due to jealousy on their part, after the truth has become evident to them. You shall pardon them, and leave them alone, until GOD issues His judgment. GOD is Omnipotent.

[২:১০৯] গ্রন্থ অনুসরণকারীদের অনেকে বরং দেখতে চাইবে যে তোমরা অবিশ্বাসের পূর্বাবস্থায় ফিরে যাও, এখন যখন তোমরা বিশ্বাস স্থাপন করেছ। এর কারণ তাদের পক্ষ থেকে ঈর্ষা মাত্র, বিশেষ করে এখন যখন তাদের কাছে সত্য স্পষ্টত হয়েছ। তোমরা তাদের মার্জনা করবে, আর তাদের ছেড়ে দেবে যতক্ষণ পর্যন্ত আল্লাহ তাঁর রায় না দিয়ে দেন। আল্লাহ্ হচ্ছেন সর্বশক্তিমান।

[2:110] You shall observe the Contact Prayers (Salat) and give the obligatory charity (Zakat). Any good you send forth on behalf of your souls, you will find it at GOD. GOD is seer of everything you do.

[২:১১০] তোমরা সংযোগ প্রার্থনা (সালাত) পর্যবেক্ষণ করবে, এবং বাধ্যতামূলক দান (যাকাত) দেবে। তোমাদের আত্মার স্বার্থে ভাল যাই আয় করবে, তা তোমরা আল্লাহ্র নিকট পাবে। তোমরা যেসব কিছু করো, আল্লাহ্ হচ্ছেন তার সম্যক দ্রষ্টা।

All Believers Are Redeemed, Regardless of the Name of Their Religion

বিশ্বাসী সকলই উদ্ধারপ্রাপ্ত, তাদের ধর্মের নাম যাই হোক না কেন

[2:111] Some have said, "No one will enter Paradise except Jews or Christians!" Such is their wishful thinking. Say, "Show us your proof, if you are right."

[২:১১১] কেউ কেউ বলছে "স্বর্গে কেউই প্রবেশ করবে না, ইহুদী কিংবা খ্রীস্টান ছাড়া!" এমন হচ্ছে তাদের মনমত চিন্তাধারা। বল, "আমাদেরকে তোমাদের প্রমাণ দেখাও তো, যদি তোমরা সঠিক হও।"

Submission: The Only Religion

আত্মসমর্পনঃ এক মাত্র ধর্ম

[2:112] Indeed, those who submit themselves absolutely to GOD alone, while leading a righteous life, will receive their recompense from their Lord; they have nothing to fear, nor will they grieve.*

[২:১১২] সত্যিই, যারা একমাত্র আল্লাহ্র কাছে সম্পূর্ণভাবে নিজেদের আত্মসমর্পন করে, এক সংপথাবলম্বী জীবন যাপন করা অবস্থায়, তারা তাদের পালনকর্তার কাছ থেকে তাদের প্রতিদান পাবে; তাদের ভয়-ভীতির কিছু নেই, আর না তারা দুঃখিত হবে।*

**2:111-112 See 2:62 and 5:69.

**২:১১১-১১২ দেখুন ২:৬২ এবং ৫:৬৯।

[2:113] The Jews said, "The Christians have no basis," while the Christians said, "The Jews have no basis." Yet, both of them read the scripture. Such are the utterances of those who possess no knowledge. GOD will judge them on the Day of Resurrection, regarding their disputes.

[২:১১৩] ইহুদীরা বলছে, "খ্রীস্টানদের কোন ভিত্তি নাই," আর অন্যদিকে খ্রীস্টানরা বলছে, "ইহুদীদের কোন ভিত্তি নাই।" অথচ তারা উভয়ই ধর্মগ্রন্থ পাঠ করে। আর এমনি হচ্ছে তাদেরও উচ্চারণ যাদের কোন জ্ঞান নেই। আল্লাহ্ পুনরুত্থানের দিনে তাদের বিচার-নিমাংসা করে দেবেন, তাদের মতবিরোধের বিষয় ব্যাপারে।

You Shall Frequent the Masjid
তোমরা ঘন ঘন মসজিদে যাবে

[2:114] Who are more evil than those who boycott GOD's masjids, where His name is commemorated, and contribute to their desertion? These ought not to enter therein except fearfully. They will suffer in this life humiliation, and will suffer in the Hereafter a terrible retribution.

[২:১১৪] তাদের চেয়ে বড় অসৎ আর কারা হতে পারে যারা আল্লাহর মসজিদকে একঘরে করে যেখানে তাঁর নাম গুণকীর্তন করা হয়, আর তারা ইচ্ছাকৃত করে স্বস্থান ত্যাগ? এদের এমনও সেখানে প্রবেশ করা উচিত হবে না শঙ্কিত হওয়া ছাড়া। এরা এই জীবনেও অবমাননা ভোগ করবে, আর পরকালেও ভোগ করবে এক ভয়ানক উচিত শাস্তি।

[2:115] To GOD belongs the east and the west; wherever you go there will be the presence of GOD. GOD is Omnipresent, Omniscient.

[২:১১৫] আল্লাহর অধীনে রয়েছে পূর্ব ও পশ্চিম; এবার তোমরা যেখানেই যাও না কেন, সেখানেই থাকবে আল্লাহর উপস্থিতি। আল্লাহ হছেন সর্বব্যাপী, সর্বজ্ঞ।

Gross Blasphemy
আল্লাহর নামে অত্যন্ত অশালীন ভাষার ব্যবহার

[2:116] They said, "GOD has begotten a son!" Be He glorified; never! To Him belongs everything in the heavens and the earth; all are subservient to Him.

[২:১১৬] তারা বলছে, "আল্লাহ এক পুত্র সন্তানকে জন্ম দিয়েছেন!" তিনি মহিমান্বিত; কখনও না! মহাকাশমণ্ডলে ও পৃথিবীর সমস্তকিছু তাঁর অধিকারভুক্ত; সব তাঁর হুকুমের অধীন।

[2:117] The Initiator of the heavens and the earth: to have anything done, He simply says to it, "Be," and it is.

[২:১১৭] মহাকাশমণ্ডল ও পৃথিবীর সূত্রপাতকারী: কোনকিছু সম্পাদন করার জন্য তিনি কেবল বলেন "হও!", আর তা হয়ে যায়।

[2:118] Those who possess no knowledge say, "If only GOD could speak to us, or some miracle could come to us!" Others before them have uttered similar utterances; their minds are similar. We do manifest the miracles for those who have attained certainty.

[২:১১৮] যাদের কোন জ্ঞান নেই তারা বলে, "আহ, যদি আল্লাহ আমাদের সাথে কথা বলতে পারতেন, কিংবা কিছু অলৌকিক ঘটনা আমাদের কাছে আসতে পারতো!" অন্যরাও তাদের পূর্বে ঠিক এমন কথাগুলোকেই শব্দে প্রকাশ করেছিল; এদের মনমানসিকতা একই ধরনের। আমরা তো অলৌকিকতা তাদের কাছে সুস্পষ্টভাবে প্রকাশ করি যারা নিশ্চয়তা লাভ করেছে।

[2:119] We have sent you* with the truth as a bearer of good news, as well as a warner. You are not answerable for those who incur Hell.

[২:১১৯] আমরা তোমাকে* সত্যতার সাথে পাঠিয়েছি সুসংবাদদাতা হিসেবে, এবং সতর্ককারী হিসেবেও। তুমি তাদের জন্য দায়ী না যারা নরক নিজেদের উপর টেনে এনেছে।

**2:119 It is my obligation to point out that the identity of this messenger is confirmed to be "Rashad Khalifa," God's Messenger of the Covenant. By adding the gematrical value of "Rashad" (505), plus the gematrical value of "Khalifa" (725), plus the verse number (119), we get 1349, a multiple of 19. See 3:81 and Appendix Two.*

**২:১১৯ আমার উপর এ বাধ্যবাধকতা চাপানো হয়েছে যেন এই বার্তাবাহকের পরিচয় জানিয়ে দেই, যে নাকি "রাশাদ খালিফা," আল্লাহর প্রতিশ্রুত বার্তাবাহক। "রাশাদ" এর গেমিট্রিক্যাল মান(৫০৫), আর "খালিফা" এর গেমিট্রিক্যাল মান(৭২৫), আর আয়াত(১১৯), এসবের যোগফলে আমরা পাই ১৩৪৯, যা ১৯এর গুণিতক। দেখুন ৩:৮১ এবং পরিশিষ্ট দুই।*

[2:120] Neither the Jews, nor the Christians, will accept you, unless you follow their religion. Say, "GOD's guidance is the true guidance." If you acquiesce to their wishes, despite the knowledge you have received, you will find no ally or supporter to help you against GOD.

[২:১২০] না ইহুদীরা, আর না খ্রীস্টানরা তোমাকে গ্রহণ করবে, যদি না তুমি তাদের ধর্মের অনুসরণ কর। বল, "আল্লাহর পথনির্দেশণাই হচ্ছে প্রকৃত পথনির্দেশণা।" এখন যদি তুমি তাদের ইচ্ছাকে নীরবে মেনে নাও, জ্ঞান যা লাভ করেছে তা সত্ত্বেও, তাহলে আল্লাহর বিরুদ্ধে তোমাকে সাহায্য করার মত তুমি কোন মিত্র বা সমর্থক খুঁজে পাবে না।

[2:121] Those who received the scripture, and know it as it should be known, will believe in this. As for those who disbelieve, they are the losers.

[২:১২১] যারা গ্রন্থপ্রাপ্ত হয়েছে আর জানে একে যেভাবে একে জানার কথা, তারা এতে বিশ্বাস স্থাপন করবে। আর যারা অবিশ্বাস করে, তারাই পরাজিত।

[2:122] O Children of Israel, remember My favor which I bestowed upon you, and that I blessed you more than any other people.

[২:১২২] হে ইজরেলের বংশধরগণ! আমার পরম অনুগ্রহ স্মরণ কর যা আমি তোমাদের দান করেছিলাম, আর এইযে আমি তোমাদেরকে অন্যান্য সম্প্রদায়ের তুলনায় অধিকতর সৌভাগ্যশালী করেছিলাম।

[2:123] Beware of the day when no soul will help another soul, no ransom will be accepted, no intercession will be useful, and no one will be helped.

[২:১২৩] সেদিন সম্পর্কে সতর্ক হয়ে যাও যেদিন কোন আত্মা অন্য কোন আত্মাকে সাহায্য করবে না, কোন মুক্তিপণ গ্রহণ করা হবে না, কারো সুপারিশ কোন কাজে আসবে না, কেউ সাহায্যপ্রাপ্ত হবে না।

Abraham *ইব্রাহিম*

[2:124] Recall that Abraham was put to the test by his Lord, through certain commands, and he fulfilled them. (God) said, "I am appointing you an imam for the people." He said, "And also my descendants?" He said, "My covenant does not include the transgressors."

[২:১২৪] স্মরণ কর যে ইব্রাহিমকে তার পালনকর্তা নির্দিষ্ট আদেশাবলীর মাধ্যমে পরীক্ষায় ফেলছিলেন, আর সে তার প্রতিপালন করেছিল। (আল্লাহ) বললেন, "আমি তোমাকে মানুষ জাতির জন্য ইমাম নির্বাচিত করতেছি।" সে বললো, "আর আমার বংশধরদেও?" তিনি বললেন, "আমার প্রতিজ্ঞায় সীমালঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত করি না।"

[2:125] We have rendered the shrine (the Ka'aba) a focal point for the people, and a safe sanctuary. You may use Abraham's shrine as a prayer house. We commissioned Abraham and Ismail: "You shall purify My house for those who visit, those who live there, and those who bow and prostrate."

[২:১২৫] আমরা তীর্থস্থানটিকে (ক্বা'বা) মানুষের জন্য এক কেন্দ্রী (অগ্রকর) হিসেবে এবং এক নিরাপদ পুণ্য স্থান-আশ্রয়স্থান হিসেবে বানিয়েছি। তোমরা ইব্রাহিমের তীর্থস্থানকে উপাসনালয় হিসেবে ব্যবহার করতে পার। আমরা ইব্রাহিম ও ইসমাইলকে কর্তৃত্ব অর্পণ করেছিলামঃ "তোমরা আমার ঘরকে পরিষ্কার রাখবে তাদের জন্য যারা একে দেখতে আসে, যারা সেখানে বসবাস করে তাদের জন্য, আর তাদের জন্য যারা রুকুতে মাথা নোয়ায় এবং সেজদায় মাটিতে অধোমুখে পড়ে।"

[2:126] Abraham prayed: "My Lord, make this a peaceful land, and provide its people with fruits. Provide for those who believe in GOD and the Last Day." (God) said, "I will also provide for those who disbelieve. I will let them enjoy, temporarily, then commit them to the retribution of Hell, and a miserable destiny."

[২:১২৬] ইব্রাহিম প্রার্থনা করলোঃ "আমার পালনকর্তা, একে শান্তিপূর্ণ দেশ করে দিন, আর এর স্থানীয়দের দিন ফলাহারের জীবিকা। যারা আল্লাহ্ ও শেষ দিনে বিশ্বাস স্থাপন করে, তাদের যোগান দিন।" (আল্লাহ্) বললেন, "আমি তাদেরকেও দিব যারা অশ্বাস করে। আমি তাদের ক্ষনস্থায়ী আনন্দ করতে দেব, এরপর তাদেরকে নরকের উচিত শাস্তিতে সমর্পন করবো, আর এক শোচনীয় নিয়তি।"

Abraham Delivered All the Practices of Submission (Islam)
ইব্রাহিম আত্মসমর্পন (ইসলাম) ধর্মের সব নিয়ম-কানুন দিয়ে গেছেন

[2:127] As Abraham raised the foundations of the shrine, together with Ismail (they prayed): "Our Lord, accept this from us. You are the Hearer, the Omniscient.

[২:১২৭] যখন ইব্রাহিম আর ইসমাইল এর সাথে এক হয়ে তীর্থস্থানের ভিত্তিকে গড়ে তুলছে, (তারা প্রার্থনা করলো): "আমাদের পালনকর্তা, আমাদের থেকে এটি গ্রহন করুন। আপনিই হচ্ছেন শ্রোতা, সর্বজ্ঞা..."

[2:128] "Our Lord, make us submitters to You, and from our descendants let there be a community of submitters to You. Teach us the rites of our religion, and redeem us. You are the Redeemer, Most Merciful.

[২:১২৮] ... আমাদের পালনকর্তা, আমাদেরকে আপনার কাছে আত্মসমর্পনকারী করে গড়ে তুলুন, আর আমাদের বংশধরদের থেকে হোক এক সম্প্রদায় যারা হবে আপনার কাছে আত্মসমর্পনকারী। আমাদেরকে আমাদের ধর্মের উপাসনার নিয়মপদ্ধতি শিখিয়ে দিন, আর আমাদেরকে উদ্ধার করুন। আপনিই হচ্ছেন উদ্ধারকর্তা, পরম দয়ালু।...

[2:129] "Our Lord, and raise among them a messenger to recite to them Your revelations, teach them the scripture and wisdom, and purify them. You are the Almighty, Most Wise."

[২:১২৯] ... আমাদের পালনকর্তা, আর তাদের মাঝ থেকে এমন রাসুল উঠান যে আপনার প্রকাশণাবলী তাদের কাছে পাঠ করে শুনায়, তাদেরকে ধর্মগ্রন্থ এবং প্রজ্ঞা শিক্ষা দেয়, আর তাদেরকে বিশোধন করে। আপনিই হচ্ছেন মহাশক্তিশালী, পরম জ্ঞানী।"

[2:130] Who would forsake the religion of Abraham, except one who fools his own soul? We have chosen him in this world, and in the Hereafter he will be with the righteous.

[২:১৩০] আর ইব্রাহিমের ধর্মকে সে ছাড়া আর কে পরিত্যাগ করবে, যে কেবল নিজের আত্মাকেই ঠকাচ্ছে? আমরা তো ইব্রাহিমকে এই পৃথিবীতে বেছে নিয়েছি, আর পরকালে সে সখপথাবলম্বীদের সাথে হবে।

[2:131] When his Lord said to him, "Submit," he said, "I submit to the Lord of the universe."

[২:১৩১] যখন তার পালনকর্তা তাকে বলল, "আত্মসমর্পণ কর," সে বলল, "আমি সমস্ত বিশ্বজগতের পালনকর্তার কাছে আত্মসমর্পণ করি।"

[2:132] Moreover, Abraham exhorted his children to do the same, and so did Jacob: "O my children, GOD has pointed out the religion for you; do not die except as submitters."

[২:১৩২] এছাড়াও, ইব্রাহিম তার সন্তানদেরকে ঠিক এমনই করার জন্য বিশেষভাবে উপদেশ দিয়েছিল, আর ইয়াকুবও তাই করেছিলঃ "হে আমার বাছাধনেরা, আল্লাহ্ তোমাদের জন্য ধর্ম নির্দেশ করেছেন; আত্মসমর্পনকারী হওয়া ছাড়া মৃত্যু বরণ কর না।"

[2:133] Had you witnessed Jacob on his death bed; he said to his children, "What will you worship after I die?" They said, "We will worship your god; the god of your fathers Abraham, Ismail, and Isaac; the one god. To Him we are submitters."

[২:১৩৩] তোমরা যদি দেখতে পেতে যখন ইয়াকুব মৃত্যুসয্যায় ছিল; সে তার সন্তানাদির বলছিল, "আমার মৃত্যুর পরে তোমরা কিসের আরাধনা করবে?" তারা বলেছিল "আমরা আপনার উপাস্যকে উপাসনা করবো; সেই আপনার পূর্বপুরুষ ইব্রাহিমের উপাস্য, ইসমাইলের উপাস্য, ইসহাকের উপাস্য; সেই একক উপাস্য। তাঁর কাছেই আমরা আত্মসমর্পনকারী।"

[2:134] Such is a community from the past. They are responsible for what they earned, and you are responsible for what you earned. You are not answerable for anything they have done.

[২:১৩৪] এমন ছিল অতীতের এক মানবগোষ্ঠী। তারা যা অর্জন করেছে, সেজন্য দায়ী তারা নিজেরাই, আর তোমরা যা অর্জন করেছে, তার জন্য দায়ী তোমরা। তাদের কৃতকর্মের জন্য তোমরা জবাবদিহি করার নও।

Submission (Islam): Abraham's Religion*

আত্মসমর্পন (ইসলাম): ইব্রাহিমের ধর্ম*

[2:135] They said, "You have to be Jewish or Christian, to be guided." Say, "We follow the religion of Abraham—monotheism—he never was an idol worshiper."

[২:১৩৫] তারা বলছে, "পথনির্দেশ পেতে হলে তোমাদেরকে ইহুদী বা খ্রীস্টান হতে হবে।" বল, "আমরা ইব্রাহিমের ধর্মকে অনুসরণ করি -একেশ্বরবাদ- সে কখনও বহুখোদাবাদী ছিল না।"

**2:135 The Quran repeatedly informs us that Submission is the religion of Abraham (3:95, 4:125, 6:161, 22:78). Abraham received a practical "scripture," namely, all the duties and practices of Submission [the Contact Prayers (Salat), the obligatory charity (Zakat), the fasting of Ramadan, and the Hajj pilgrimage]. Muhammad was a follower of Abraham's religion, as we see in 16:123; he delivered this Final Testament, the Quran. The third messenger of Submission delivered the religion's proof of authenticity (see 3:81 and Appendices 1, 2, 24, & 26).*

**২:১৩৫ কোর'আন বারংবার আমাদেরকে এ কথা জানায় যে আত্মসমর্পণ হচ্ছে ইব্রাহিমের ধর্ম (৩:৯৫, ৪:১২৫, ৬:১৬১, ২২:৭৮)। ইব্রাহিমকে ব্যবহারিক "গ্রন্থ," দেওয়া হয়েছিল, যেমন যাবতীয় দায়িত্ব এবং আত্মসমর্পণের অনুশীলন [সংযোগ প্রার্থনা (সালাত), বাধ্যতামূলক দান (যাকাত), রমজানে উপবাস, এবং হজ্জু তীর্থযাত্রা]। মোহাম্মদ ইব্রাহিমের ধর্মের একজন অনুসারী ছিলেন, যা আমরা ১৬:১২৩ দেখতে পাই; তিনি দিয়ে গেছে এই চূড়ান্ত নিয়মবলী, কোর'আন। আত্মসমর্পণের তৃতীয় বার্তাবাহক ধর্মের সত্যতার প্রমাণ দিয়ে গেছেন (দেখুন ৩:৮১ এবং পরিশিষ্ট ১, ২, ২৪, ও ২৬)।*

No Distinction Among God's Messengers

আল্লাহর রাসুলদের মধ্যে কোন ভেদাভেদ করা যায় না

[2:136] Say, "We believe in GOD, and in what was sent down to us, and in what was sent down to Abraham, Ismail, Isaac, Jacob, and the Patriarchs; and in what was given to Moses and Jesus, and all the prophets from their Lord. We make no distinction among any of them. To Him alone we are submitters."

[২:১৩৬] বল, "আমরা আল্লাহতে বিশ্বাস করি, এবং যা আমাদের কাছে অবতীর্ণ করা হয়েছে তাতে, এবং যা অবতীর্ণ করা হয়েছিল ইব্রাহিম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব, এবং গোষ্ঠীপতির কাছে তাতে; এবং তাতে যা মূসাকে ও ঈসাকে, এবং সব নবীগণকে তাদের পালনকর্তার পক্ষ থেকে দেওয়া হয়েছিল। আমরা তাদের কারো মাঝে কোন পার্থক্য করি না। একমাত্র তাঁর কাছেই আমরা আত্মসমর্পনকারী।"

[2:137] If they believe as you do, then they are guided. But if they turn away, then they are in opposition. GOD will spare you their opposition; He is the Hearer, the Omniscient.

[২:১৩৭] যদি তারা তোমাদের মত বিশ্বাস করে, তাহলে তারা পথনির্দেশ পেয়ে গেছে। কিন্তু যদি তারা ফিরে যায়, তাহলে তারা হয় বিপক্ষে। আল্লাহ্ তোমাদেরকে তাদের বিপক্ষতার ক্ষতি থেকে বিরত রাখবেন; তিনিই হচ্ছেন শ্রোতা, সর্বজ্ঞ।

[2:138] Such is GOD's system, and whose system is better than GOD's? "Him alone we worship."

[২:১৩৮] এমনি হচ্ছে আল্লাহ্র পদ্ধতি, আর আল্লাহ্র পদ্ধতির চেয়ে উত্তম পদ্ধতি আর কার হতে পারে? "আমরা একমাত্র তাঁরই আরাধনা করি।"

[2:139] Say, "Do you argue with us about GOD, when He is our Lord and your Lord? We are responsible for our deeds, and you are responsible for your deeds. To Him alone we are devoted."

[২:১৩৯] বল, "তোমরা কি আমাদের সাথে আল্লাহ্ নিয়ে তর্ক কর, যখন তিনি আমাদের পালনকর্তা এবং তোমাদের পালনকর্তা? আমরা আমাদের কৃতকর্মের জন্য দায়ী, আর তোমরা তোমাদের কৃতকর্মের জন্য দায়ী। আর আমরা একমাত্র তাঁরই অনুরক্ত।"

[2:140] Do you say that Abraham, Ismail, Isaac, Jacob, and the Patriarchs were Jewish or Christian? Say, "Do you know better than GOD? Who is more evil than one who conceals a testimony he has learned from GOD? GOD is never unaware of anything you do."

[২:১৪০] তোমরা কি বলতে চাও যে ইব্রাহিম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব এবং গোষ্ঠীপতিরা ইহুদী ছিল বা খ্রীস্টান? বল, "তোমরা কি আল্লাহ্র থেকে বেশী ভাল জানো? আরে তার থেকে বড় অসৎ আর কে হবে যে আল্লাহ্র কাছ থেকে জানা কোনো প্রামাণিক সাক্ষ্যকে গোপন করে? তোমরা যাই কর না কেন, আল্লাহ্ তা সম্পর্কে কখনও বেখবর না।"

[2:141] That was a community from the past. They are responsible for what they earned, and you are responsible for what you earned. You are not answerable for anything they did.

[২:১৪১] সেটা ছিল অতীতের এক মানবগোষ্ঠী। তারা যা আয় করেছে, তার জন্য তাই দায়ী, আর তোমরা যা আয় করেছে, তার জন্য তোমরা দায়ী। তাদের কোন কৃতকর্মের জন্য তোমরা জবাবদিহি করার নও।

Abolition of Bigotry and Prejudice*

ধর্মাত্মতা ও পক্ষপাতিত্বের বিলুপ্তি*

[2:142] The fools among the people would say, "Why did they change the direction of their Qiblah?"* Say, "To GOD belongs the east and the west; He guides whoever wills in a straight path."

[২:১৪২] মানুষের মধ্যে বোকারা বলবে, "তারা তাদের ক্বিবলার দিকটি বদলালো কেন?"* বল, "পূর্ব ও পশ্চিম আল্লাহ্র অধিকারভুক্ত; তিনি যাকে ইচ্ছে তাকে এক সোজা সরল পথে পরিচালিত করেন।"

**2:142-145 "Qiblah" is the direction one faces during the Contact Prayers (Salat). When Gabriel conveyed to Muhammad the command to face Jerusalem instead of Mecca, the hypocrites were exposed. The Arabs were strongly prejudiced in favor of the Ka'aba as their "Qiblah." Only the true believers were able to overcome their prejudices; they readily obeyed the messenger.*

**২:১৪২-১৪৫ "ক্বিবলা" হচ্ছে সেই দিক যেদিকে মুখ ফিরিয়ে সংযোগ প্রার্থনা (সালাত) পর্যবেক্ষণ করা হয়। যখন জীবরাইল মোহাম্মদের কাছে মক্কার পরিবর্তে জেরুজালেমের দিকে মুখ করার আদেশ পৌঁছে দিয়েছিলেন, তখন ভণ্ডদের পর্দা ফাস হয়ে গেছিল। আরবেরা দৃঢ়ভাবে ক্বাবাকেই তাদের "ক্বিবলা" করার পক্ষে অনড় ছিল। শুধু প্রকৃত বিশ্বাসীরাই তাদের এই পক্ষপাতিত্বকে দমন করতে সক্ষম হয়েছিল; তারা রাসুলের তৎক্ষণাৎভাবে মান্য করেছিল।*

[2:143] We thus made you an impartial community, that you may serve as witnesses among the people, and the messenger serves as a witness among you. We changed the direction of your original Qiblah only to distinguish those among you who readily follow the messenger from those who would turn back on their heels. It was a difficult test, but not for those who are guided by GOD. GOD never puts your worship to waste. GOD is Compassionate towards the people, Most Merciful.

[২:১৪৩] আমরা এইভাবে তোমাদের বানালাম এক নিরপেক্ষ সম্প্রদায়, যেন তোমরা লোকদের মাঝে সাক্ষ্য থাকতে পার, এবং রাসুল যেন তোমাদের সাক্ষ্য হতে পারে। আমরা মূল ক্বিবলার দিকটিকে পরিবর্তন করেছিলাম শুধু তোমাদের মধ্যে তাদের পৃথক করে নেওয়ার জন্য যে তোমাদের মাঝে কারা রাসুলের বলার সঙ্গে সঙ্গে তার আদেশ মান্য করে আর কারা উল্টা পথে ফিরে যায়। এটি এক কঠিন পরীক্ষা ছিল, কিন্তু তাদের জন্য না যাদেরকে আল্লাহ্ পথনির্দেশ করেছেন। আল্লাহ্ কখনও তোমাদের প্রার্থণাকে ব্যর্থ যেতে দেন না। আল্লাহ্ মানুষের প্রতি পরম স্নেহময়, পরম দয়ালু।

Qiblah Restored to Mecca ***ক্বিবলা মক্কার দিকে পুনঃস্থাপিত করা হল***

[2:144] We have seen you turning your face about the sky (searching for the right direction). We now assign a Qiblah that is pleasing to you. Henceforth, you shall turn your face towards the Sacred Masjid. Wherever you may be, all of you shall turn your faces towards it. Those who received the previous scripture know that this is the truth from their Lord. GOD is never unaware of anything they do.

[২:১৪৪] আমরা লক্ষ্য করেছি যে তুমি তোমার মুখ আকাশের পানে করছিলে (সঠিক দিক নির্ধারণ করার উদ্দেশ্যে)। আমরা এখন এক ক্বিবলা নির্দিষ্ট করছি যা তোমার কাছে প্রীতিকর। এখন থেকে তুমি পবিত্র মসজিদের দিকে মুখ করবে। যেখানেই তোমরা হও না কেন, তোমরা সবাই তার দিকে মুখ করবে। যারা পূর্ববর্তী গ্রন্থপ্রাপ্ত হয়েছে জানে যে এটি তাদের পালনকর্তার পক্ষ থেকে আসা সত্য। তারা যাকিছু করে সে সম্পর্কে আল্লাহ্ কখনও বেখবর না।

[2:145] Even if you show the followers of the scripture every kind of miracle, they will not follow your Qiblah. Nor shall you follow their Qiblah. They do not even follow each others' Qiblah. If you acquiesce to their wishes, after the knowledge that has come to you, you will belong with the transgressors.

[২:১৪৫] এমনকি যদি তুমি গ্রন্থের অনুসারীদেরকে নানা রকমের অলৌকিক ঘটনাসমূহ দেখাও না কেন, তারা তোমার ক্বিবলা অনুসরণ করবে না। আর না তুমি তাদের ক্বিবলা অনুসরণ করবে। তারা তো একে অপরের ক্বিবলাও অনুসরণ করে না। তুমি যদি তাদের ইচ্ছাকে নীরবে মেনে নাও, যে জ্ঞান তুমি লাভ করেছ তা সত্ত্বেও, তাহলে তুমি সীমালঙ্ঘনকারীদের দলভুক্ত হওয়ার যোগ্য হবে।

Abuse of the Scripture: Selective Emphasis and Concealment ***গ্রন্থের অপব্যবহারঃ নির্বাচনী গুরুত্ব প্রদান এবং গুপ্তকরণ***

[2:146] Those who received the scripture recognize the truth herein, as they recognize their own children. Yet, some of them conceal the truth, knowingly.

[২:১৪৬] যারা গ্রন্থপ্রাপ্ত হয়েছে, তারা এতে সত্য স্পষ্ট চিন্তে পারে, যেভাবে তারা তাদের আপন সন্তান-সন্ততিকে চিনে থাকে। তারপরও, তাদের কেউ কেউ সত্যকে গোপন করে, জেনে শুনে।

[2:147] This is the truth from your Lord; do not harbor any doubt.

[২:১৪৭] এটিই তোমার পালনকর্তার পক্ষ থেকে আসা সত্য; এতে সন্দেহ পোষণ কর না।

[2:148] Each of you chooses the direction to follow; you shall race towards righteousness. Wherever you may be, GOD will summon you all. GOD is Omnipotent.

[২:১৪৮] তোমরা প্রত্যেকে অনুসরণের এক এক দিক বেছে নাও; আর মূলত তোমরা ন্যায়নিষ্ঠতার লক্ষে প্রতিযোগিতা করবে। তোমরা যেখানেই থাকো না কেন, আল্লাহ্ তোমাদের সবাইকে তলব করবেন। আল্লাহ্ হচ্ছেন সর্বশক্তিমান।

Qiblah Restored to Mecca ***কিবলা মক্কায় পুনঃস্থাপিত করা হল***

[2:149] Wherever you go, you shall turn your face (during Salat) towards the Sacred Masjid.* This is the truth from your Lord. GOD is never unaware of anything you all do.

[২:১৪৯] যেখানেই তুমি যাও না কেন, তুমি পবিত্র মসজিদের* দিকে (সংযোগ প্রার্থনার সময়ে) মুখ করবে। এটিই তোমার পালনকর্তার পক্ষ থেকে আসা সত্য। যাকিছু তোমরা সবাই কর না কেন, আল্লাহ্ সে সম্পর্কে কখনও বেখবর না।

**2:149 A glaring proof of the idolatry committed by today's "Muslims" is the designation of Muhammad's tomb as a "Sacred Masjid." The Quran mentions only one "Sacred Masjid."*

**২:১৪৯ আজকের "মুসলিমদের" পৌত্তলিকতার (শির্ক বা অত্যন্ত ভক্তি) একটি চোখে লাগার মত প্রমাণ হচ্ছে যে তারা মোহাম্মদের সমাধিকে এক "পবিত্র মসজিদ" হিসেবে পদমর্যাদা দেয়। আর কোর'আন একমাত্র একটি "পবিত্র মসজিদ" এর কথা বলে।*

[2:150] Wherever you go, you shall turn your face (during Salat) towards the Sacred Masjid; wherever you might be, you shall turn your faces (during Salat) towards it. Thus, the people will have no argument against you, except the transgressors among them. Do not fear them, and fear Me instead. I will then perfect My blessings upon you, that you may be guided.

[২:১৫০] যেখানেই তুমি যাও, তুমি পবিত্র মসজিদের* দিকে (সংযোগ প্রার্থনার (সালাত) সময়ে) মুখ ফেরাবে; যেখানেই তোমরা হও না কেন, তোমরা (সংযোগ প্রার্থনার (সালাত) সময়ে) এর দিকে তোমাদের মুখ ফেরাবে। আর এমতে লোকজনদের মাঝে তোমাদের বিরুদ্ধে কোন তর্কের কিছু থাকবে না, অবশ্য তাদের মধ্যে সীমালঙ্ঘনকারীদের কথা ভিন্ন। তাদের ভয় কর না, বরং আমাকে ভয় কর। আমি তখন তোমাদের উপর আমার পরম অনুগ্রহ পূর্ণাঙ্গ করবো, যাতে তোমরা পথনির্দেশ পেতে পার।

[2:151] (Blessings) such as the sending of a messenger from among you to recite our revelations to you, purify you, teach you the scripture and wisdom, and to teach you what you never knew.

[২:১৫১] (পরম অনুগ্রহ) এমন যে তোমাদের মধ্য থেকে তুলে একজন রাসুলকে তোমাদের কাছে পাঠানো হয় যেন আমাদের প্রকাশণাবলীকে সে তোমাদের কাছে পাঠ করে শুনায়, তোমাদেরকে বিশোধন করে, তোমাদেরকে গ্রন্থের জ্ঞান এবং প্রজ্ঞা শিক্ষা দেয়, আর সেসব শিক্ষা দেয় যা তোমরা কখনও জানতে না।

[2:152] You shall remember Me, that I may remember you, and be thankful to Me; do not be unappreciative.

[২:১৫২] তোমরা আমাকে স্মরণ করবে, যেন আমিও তোমাদেরকে স্মরণ করি, আর আমার প্রতি কৃতজ্ঞ থেক; অকৃতজ্ঞ হইও না।

[2:153] O you who believe, seek help through steadfastness and the Contact Prayers (Salat). GOD is with those who steadfastly persevere.

[২:১৫৩] হে তোমরা যারা বিশ্বাস স্থাপন করেছ, দৃঢ়তা এবং সংযোগ প্রার্থনার (সালাতের) মাধ্যমে সাহায্য অব্বেশন কর। আল্লাহ্ তাদের সাথে আছেন যারা দৃঢ়তার সাথে অধ্যবসায়ী হয়।